মুজিবনগরে বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্নের ঘুড়ি উৎসব

“মাদক নয়, উড়াই ঘুড়ি, আলোকিত সমাজ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরের মুজিবনগরে ব্যতিক্রমধর্মী মাদকবিরোধী ঘুড়ি উৎসব অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (৭ এপ্রিল) সকাল সাড়ে ১০টায় মুজিবনগর উপজেলা খেলার মাঠে বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন (BYFC), মুজিবনগর শাখার আয়োজনে এবং মুজিবনগর উপজেলা প্রশাসন ও মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় এই উৎসব অনুষ্ঠিত হয়।

যুবসমাজকে মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতন করা এবং একটি সুস্থ ও সুন্দর সমাজ গড়ার লক্ষ্যে আয়োজিত এ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক রাসেল আহমেদ, পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ এবং মহিলা ও শিশু বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

এছাড়াও উপস্থিত ছিলেন মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমানসহ প্রেসক্লাবের সদস্যবৃন্দ এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ইয়ুথ ফার্স্ট কনসার্ন, মুজিবনগর শাখার প্রোগ্রাম ম্যানেজার জন অমৃত মণ্ডল।

প্রধান অতিথির বক্তব্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা সাইফুল হুদা বলেন, “যুবসমাজই দেশের ভবিষ্যৎ। তাদের মাদকমুক্ত রাখতে হলে এ ধরনের সচেতনতামূলক কর্মসূচি আরও বেশি আয়োজন করা জরুরি।”

বিশেষ অতিথিরা মাদকের ক্ষতিকর দিক তুলে ধরে বলেন, মাদক প্রতিরোধে পরিবার, সমাজ ও রাষ্ট্রকে সম্মিলিতভাবে কাজ করতে হবে।

উৎসবে অংশগ্রহণকারী তরুণ-তরুণীরা রঙিন ঘুড়ি উড়িয়ে আনন্দ-উল্লাসের মাধ্যমে মাদকবিরোধী বার্তা ছড়িয়ে দেন। পুরো অনুষ্ঠানটি উৎসবমুখর ও প্রাণবন্ত পরিবেশে অনুষ্ঠিত হয়।

আয়োজকরা জানান, ভবিষ্যতেও এ ধরনের সামাজিক উদ্যোগ অব্যাহত

থাকবে, যাতে একটি মাদকমুক্ত ও আলোকিত সমাজ গড়ে তোলা যায়।

ঘুড়ি ওড়ানোতে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।